

তিন বিশ্ববিদ্যালয়ের ভিসির তালিকা চূড়ান্ত

স্বাক্ষরিত রিপোর্ট : শিক্ষা মন্ত্রণালয়ে সার্চ কমিটির এক সভায় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসির শূন্যপদে মনোনয়নের জন্য নির্ণায়ক নির্ধারণ করা হয়েছে। সভায় ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুরের উপাচার্যের শূন্যপদে নিয়োগের লক্ষ্যে প্রেসিডেন্টের কাছে প্রেরণের জন্য তিনজনের তালিকা চূড়ান্ত করা হয়েছে। শীমই মন্ত্রণালয়ে এ তালিকা প্রেসিডেন্টের কাছে প্রেরণ করবে। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে সার্চ কমিটির সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

উল্লেখ্য, গতসপ্তাহে ৭টি বিশ্ববিদ্যালয়ে ভিসির শূন্যপদে নিয়োগের জন্য পরিকল্পনা বিজ্ঞাপন প্রকাশ করায় মোট ৩২৫টি আবেদনপত্র পাওয়া গেছে। নির্ধারিত শীতিনালার ভিত্তিতে আগামী ১৬ জুনের সভায় বাকি ৬টি বিশ্ববিদ্যালয়েরও ৩ জন করে প্রার্থীর তালিকা প্রণয়ন করা হবে। ৭টি বিশ্ববিদ্যালয় হলো: জাতীয় বিশ্ববিদ্যালয়, বুলনা বিশ্ববিদ্যালয়, গেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, হাবী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। তাছাড়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভিসির শূন্যপদে নিয়োগের জন্যে শীমই-বিজ্ঞাপন প্রকাশ করা হবে।

কমিটির বিশেষ আনুগ্রহে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান সভায় উপস্থিত ছিলেন। শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলামের সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে সার্চ কমিটির সদস্য মোহাম্মদ ফারাসউদ্দিন, প্রফেসর ড. এহসানুল হক, ড. নুরউদ্দিন আহমদ, ডা. কাহী সাঈদ আহমদ, ডা. হামিদুল্লাহ হা, এ সিদ্দিকী, প্রফেসর ড. এস এম নূরুল ও মন্ত্রণালয়ের সচিব ও জেড এম শফিকুল আলম উপস্থিত ছিলেন।